



## কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মাননীয় ট্রেজারারের বিরুদ্ধে মামলাসংক্রান্ত বিষয়ে প্রকাশিত সংবাদের প্রতিবাদ

সম্প্রতি অনলাইন পত্রিকা সহ কয়েকটি গণমাধ্যমে প্রকাশিত কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মাননীয় ট্রেজারার প্রফেসর ডঃ মোঃ আসাদুজ্জামান এর সম্পর্কে প্রকাশিত একটি মিথ্যা মামলার সংবাদ দৃষ্টিগোচর হয়েছে। সংবাদটিতে যেভাবে মাননীয় ট্রেজারারের বিরুদ্ধে ভাংচুর ও লুটের অভিযোগ আনা হয়েছে তা সম্পূর্ণ উদ্দেশ্য প্রণোদিত, মিথ্যা ও বানোয়াট। কুমিল্লা বিশ্ববিদ্যালয় প্রশাসন প্রকাশিত এ সংবাদের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছে।

এ ব্যাপারে সুস্পষ্ট তথ্য হচ্ছে, গ্রামের চিহ্নিত কিছু দুষ্কৃতকারী ও অপরাধী রাতের আঁধারে ট্রেজারার মহোদয়ের মরহুম পিতার বসতঘরে রক্ষিত মূল্যবান জিনিসপত্র ডাকাতি/লুট করে নিয়ে যায়। অতঃপর থানায় অভিযোগ করলে কিছুদিন পরে হঠাৎ করে বসতবাড়ির একটি ঘর আগুন দিয়ে সম্পূর্ণরূপে পুড়িয়ে দেয়। এমতাবস্থায়, ট্রেজারার মহোদয়ের মেজ ভাই অ্যাডভোকেট মোঃ ওয়াহিদুজ্জামান বরিশাল আদালতে মামলা করলে দুষ্কৃতকারীরা নিজেদের রক্ষার জন্য তাকেসহ অন্যান্য ভাইদের বিরুদ্ধে সম্পূর্ণ কল্পনা প্রসূত মিথ্যা মামলার আশ্রয় নেয়। তথাপি অভিযোগে যে সময়ের উল্লেখ করা হয়েছে তখন ট্রেজারার মহোদয় কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে নিয়মিত দায়িত্ব পালনের জন্য অবস্থান করছিলেন। তার পরিবারের অন্যান্য সদস্যরা প্রায় সকলেই ঢাকায় বসবাস করেন, এক ভাই যিনি গ্রামে বাস করেন তিনিও তার কাজে ঢাকায় ছিলেন। এর থেকে প্রতীয়মান হয় যে, মামলাটি কোষাধ্যক্ষ মহোদয় ও তার পরিবারের সদস্যদেরকে সামাজিকভাবে হেয়প্রতিপন্ন ও হয়রানির জন্য করা হয়েছে। অতীব দুঃখের বিষয়, মামলার কোথাও কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের নাম উল্লেখ না থাকা সত্ত্বেও কোন কুচক্রী মহলের ইন্দনে সংবাদে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের নাম ব্যবহার করে বিশ্ববিদ্যালয়ের সুনাম ক্ষুণ্ণ করেছে। অপরদিকে, বিশ্ববিদ্যালয়ের একজন প্রফেসরের বিরুদ্ধে হীনস্বার্থ চরিতার্থ ও সম্পূর্ণ অসৎ উদ্দেশ্য হাসিলের জন্য এহেন মিথ্যা ও বানোয়াট অভিযোগ এনে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মানহানি ও অপমান করা হয়েছে। প্রকাশিত সংবাদে মিথ্যা মামলা উল্লেখ না করে বরং মানহানিকর ও অসম্মানজনক শিরোনাম দিয়ে সংবাদ প্রকাশ করে অপরাধীদের উৎসাহিত করা হয়েছে। কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের প্রশাসন এরূপ সংবাদের তীব্র প্রতিবাদের পাশাপাশি সংশ্লিষ্ট পুলিশ প্রশাসনকে প্রকৃত দুষ্কৃতকারী ও অপরাধীদের অতিদ্রুত আইনের আওতায় এনে উপযুক্ত শাস্তি নিশ্চিত করার দাবি জানাচ্ছে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)  
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা-৩৫০৬

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি